# ঢেউ




## ১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স

২৪ জুলাই – ২১ সেপ্টেম্বর ২০১৬

Bangladesh Public Administration Training Centre


বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

সাভার, ঢাকা




প্রকাশনায় : **১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স**
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা

প্রকাশকাল : সেপ্টেম্বর ২০১৬

প্রচ্ছদ এস.এম. সালাহউদ্দিন

মুদ্রণ **চিস্তীয়া ট্রেডার্স এন্ড প্রিন্টার্স**
১৬৪ বিশ্ববিদ্যাল মার্কেট, কাঁটাবন, ঢাকা
০১৭৮৭ ৪৯৩৭২২, ০১৯৭৭ ৪৯৩৭২২
e-mail: chistia.traders@gmail.com




সম্মানিত রেক্টর ও কোর্স ব্যবস্থাপন কমিটির সঙ্গে ১১০তম এসিএডি'র প্রশিক্ষণার্থী কর্মকর্তাবৃন্দ



আ, ল, ম, আবদুর রহমান এনডিসি
রেক্টর
বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র

# বাণী

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে পরিচালিত ১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সের (এসিএডি) সমাপ্তিক্ষণে স্মরণিকা প্রকাশনার উদ্যোগকে স্বাগত জানাই। প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের বিপিএটিসিতে স্বল্পকালীন অবস্থানের স্মৃতি ভবিষ্যতে স্মরণ করিয়ে দিতে এই স্মরণিকাটি গুরুত্বপূর্ণ অনুষঙ্গ হিসাবে কাজ করবে।

বাংলাদেশ সিভিল সার্ভিসের ২২জন উপসচিব এবং সামরিক বাহিনীর সমপর্যায়ের ৩জন সহ মোট ২৫জন কর্মকর্তা নিয়ে কোর্সটি পরিচালিত হয়েছে। এ কোর্সে মধ্য-পর্যায়ের কর্মকর্তাদের নেতৃত্ব উন্নয়নের গুরুত্ব সম্পর্কে ধারণা দেওয়ার পাশাপাশি সরকারের বিভিন্ন উন্নয়ন নীতির সঙ্গে তাদেরকে পরিচয় করিয়ে দিয়ে সেগুলো বাস্তবায়নের পদ্ধতি সম্পর্কেও দিক্-নির্দেশনা প্রদান করা হয়। বিশ্বায়নের যুগে সিভিল সার্ভিসের কর্মকর্তাদের দায়িত্ব ও কর্তব্যের মধ্যে অনেক পরিবর্তন এসেছে। জনগণের আস্থা অর্জন, উন্নয়ন কর্মকাণ্ড পরিচালনা, বৈশ্বিক পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়ানো এবং প্রতিযোগিতামূলক ব্যবস্থায় নিজেদেরকে যোগ্য প্রমাণ করে দেশকে এগিয়ে নিয়ে যাওয়া বর্তমান জনপ্রশাসনের প্রধান লক্ষ্য। প্রশাসনকে গতিশীল, যুগোপযোগী, জনমুখী ও নৈতিক মুল্যবোধসম্পন্ন করে গড়ে তোলার ক্ষেত্রে প্রশিক্ষণের কোন বিকল্প নেই। বিপিএটিসি এ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের জ্ঞান, দক্ষতা ও নৈতিকতা অর্জনের দিকে ধাবিত হতে অনুঘটকের ভূমিকা পালন করেছে। প্রশিক্ষণলব্ধ জ্ঞানের সফল প্রয়োগের দ্বারা কর্মকর্তাগণ বাংলাদেশকে ২০২১ সালের মধ্যে মধ্য-আয়ের দেশে উন্নীত করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবেন বলে আমার বিশ্বাস।
প্রকাশিত স্মরণিকার মধ্য দিয়ে প্রশিক্ষণার্থী কর্মকর্তাগণের মাঝে ব্যক্তিগত সম্পর্ক দৃঢ় হবে যা তাদের দাপ্তরিক কার্য সম্পাদনেও সহায়ক হবে। আমি সকল কর্মকর্তার সর্বাঙ্গীণ কল্যাণ ও সাফল্য কামনা করছি।

(আ, ল, ম, আবদুর রহমান এনডিসি)



মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি
এমডিএস (প্রকল্প), বিপিএটিসি ও
কোর্স উপদেষ্টা
১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্স

## বাণী

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে (বিপিএটিসি) চলমান ১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সে (এসিএডি) অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দের স্মরণিকা প্রকাশের উদ্যোগকে আমি সাধুবাদ জানাই। এ স্মরণিকা নিশ্চয় বিপিএটিসির সঙ্গে তাদের যোগাসূত্রকে চিরজাগরুক রাখবে।

পেশাগত ক্রমোৎকর্ষের একটি অপরিহার্য অনুষঙ্গ হচ্ছে প্রশিক্ষণ - যা একটি নিয়ত চলমান ও আয়াসসাধ্য পদ্ধতি। দক্ষতার সঙ্গে দায়িত্ব পালনের ক্ষেত্রে অর্জিত প্রশিক্ষণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। প্রশিক্ষণে অংশগ্রহণের মাধ্যমে কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ক্ষেত্রে বিশেষ জ্ঞান লাভ করেন এবং দক্ষতার উন্নয়ন ঘটান। প্রশিক্ষণ তাদেরকে বৈশ্বিক প্রেক্ষাপটে জাতি গঠনের চ্যালেঞ্জ মোকাবেলার উপযোগী হতে সহায়তা করে। এসিএডির অন্যতম লক্ষ্য হচ্ছে সিভিল সার্ভিসের উপসচিব ও সামরিক বাহিনীর সমপর্যায়ের কর্মকর্তাদের নিকট সরকার-প্রণীত নীতিসমূহ, আইন ও বিধিমালা এবং সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়াদি অধিকতর স্পষ্ট করে তোলা যাতে পেশাগত ক্ষেত্রে তাদের সক্ষমতা বৃদ্ধি পায়। বিপিএটিসিতে অবস্থানকালে কর্মকর্তারা তাত্ত্বিক অধিবেশন ও দলগত কার্যকলাপ এবং প্রায়োগিক অনুশীলনে অংশ নেওয়ার পাশাপাশি বিভিন্ন ক্ষেত্রে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতি অর্জনকারী বিশেষজ্ঞ অতিথি-বক্তাদের সঙ্গে সরাসরি আলোচনার সুযোগ পান। এ ছাড়াও তারা পেশাগত বিভিন্ন বিষয়ে নিজেদের মধ্যে ধারণা ও অভিজ্ঞতা বিনিময় করে থাকেন।

এ কোর্সের জেলা সংযুক্তি কর্মকর্তাদেরকে মাঠপর্যায়ে বাস্তবতা অনুধাবনে সহায়তা করে। বৈদেশিক শিক্ষা-সফরে অংশ নিয়ে তারা বৈশ্বিক উন্নত চর্চাসমূহের সঙ্গে পরিচিত হওয়ার সুযোগ পান। বিপিএটিসির প্রাণবন্ত পরিবেশ, সহজাত নিয়মানুবর্তিতা ও পারস্পরিক শ্রদ্ধাবোধ প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তন ঘটাতে এবং আত্মবিশ্বাস বৃদ্ধিতে কার্যকর ভূমিকা রাখে।

এ কোর্সে অংশগ্রহণকারী সিভিল সার্ভিস ও সামরিক বাহিনীর পঁচিশজন কর্মকর্তার প্রত্যেকেই দায়িত্ব পালনকালে প্রশিক্ষণলব্ধ জ্ঞানের সফল প্রয়োগ করবেন - এটি আমার দৃঢ় প্রত্যাশা। আমি তাদের সকলের চাকরিতে এবং ব্যক্তি-জীবনে উত্তরোত্তর সফলতা কামনা করি।



(মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি)



সোহেল ইমাম খান
পরিচালক
বিপিএটিসি ও
কোর্স পরিচালক, ১১০তম এসিএডি

# বাণী

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে চলমান ১১০তম উচ্চতর প্রশাসন ও উন্নয়ন কোর্সের (এসিএডি) প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের প্রশিক্ষণকালীন স্মৃতিকে ভবিষ্যতের জন্য ধরে রাখতে স্মরণিকা প্রকাশের প্রয়াসে আমি আনন্দিত। প্রশিক্ষণের নানা ব্যস্ততার মাঝেও এরকম উদ্যোগ প্রশিক্ষণার্থীদের কর্মস্পৃহা ও পারঙ্গমতার পরিচয় বহন করে।

পেশাগত দক্ষতা ও মেধার উন্নয়নের পাশাপাশি ব্যক্তি-সম্পর্ক উন্নয়নের মাধ্যমে জনপ্রশাসনকে গতিশীল করার জন্য আবাসিক প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র এসিএডি কোর্সের মাধ্যমে সামরিক ও বেসামরিক প্রশাসনের মধ্য-পর্যায়ের কর্মকর্তাদেরকে আরও বেশি জনবান্ধব ও ইতিবাচক মনোভাবসম্পন্ন হয়ে উঠতে উদ্বুদ্ধ করে। প্রশিক্ষণের সফল সমাপ্তি কর্মকর্তাগণের মেধা ও মননে ইতিবাচক পরিবর্তন আনে যা তাদের দাপ্তরিক কর্মসম্পাদনে সহায়ক হয়। আমি আশা করছি, ১১০তম এসিএডি অংশগ্রহণকারী কর্মকর্তাদের মাঝে প্রত্যাশিত পরিবর্তন আনতে সক্ষম হয়েছে।

দু'মাসব্যাপী এ কোর্স পরিচালনায় আন্তরিক সহযোগিতা করার জন্য প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের নিকট কৃতজ্ঞতা জানাচ্ছি। প্রকাশিত স্মরণিকার মধ্য দিয়ে কর্মকর্তাদের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরো সজীব ও দীর্ঘস্থায়ী হবে, এই প্রত্যাশা করছি।

(সোহেল ইমাম খান)



মোঃ হাবিবুর রহমান
উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
সভাপতি
মেস কমিটি, ১১০তম এসিএডি

# বাণী

সেদিন ছিল শনিবার, রাত ৯টা ১০ মিনিটে ১ নম্বর ডরমিটরিতে হাজির হয়েছি। ২৫জনের মধ্যে আমি ছিলাম ২৪তম উপস্থিত প্রশিক্ষণার্থী। ২৪শে জুলাই যথারীতি কোর্স শুরু। ২৫ জুলাই কোর্স কো-অর্ডিনেটরের উপস্থিতিতে প্রায় সকলের সম্মতিতে President of Mess Committee হওয়া। PMC হওয়ার চেয়ে এর মান-মর্যাদা ঠিক রাখা কঠিন ব্যাপার কারণ ২৫জন অংশগ্রহণকারীর ২৫ ধরনের চাহিদা/ইচ্ছা; এর মাঝে তিনজন সামরিক বাহিনীর কর্মকর্তা এবং তিনজন মহিলা কর্মকর্তা। কাজেই সমন্বয় সাধন বড়ই কঠিন কাজ। সাফল্যের যোগ্যতায় হয়তবা উত্তীর্ণ হতে পারিনি, কিন্তু কমিটিতে অন্য ৫জন সহকর্মী থাকায় সকলের প্রাণপণ চেষ্টায় সাধ এবং সাধ্যের মাঝামাঝি স্থানে এসে কিছুটা সমন্বয় সাধন করার চেষ্টা করেছি।

স্যুভেনির কমিটি একটি স্মরনিকা প্রকাশ করতে যাচ্ছে জেনে PMC হিসেবে নিজের কিছু অনুভূতি প্রকাশ করছি। এ কাজ করতে গিয়ে যদি কিছু সাফল্য আসে তবে তার অনেক অংশের দাবীদার কোর্স পরিচালক, কোর্স সমন্বয়কবৃন্দ, মেস কমিটির অন্যান্য সদস্য এবং ১১০তম এসিএডির সকল অংশগ্রহণকারী। কারণ, তাদের সম্পূর্ণ সহযোগিতা ছাড়া এ দায়িত্ব সুষ্ঠুভাবে পালন করা সম্ভব না। এছাড়া রান্না ও বাজারের কাজে সহযোগী কর্মচারিবৃন্দও ধন্যবাদ প্রাপ্য। PMC-এর কাজে সহযোগিতা করার জন্য সকলকে ধন্যবাদ জানাচ্ছি।

(মোঃ হাবিবুর রহমান)

# স্যুভেনির কমিটির বক্তব্য

বিপিএটিসিতে চলমান ১১০তম এসিএডি-তে অংশগ্রহণকারী কর্মকর্তাদের অভিপ্রায় অনুযায়ী এ স্মরণিকা প্রকাশিত হচ্ছে। এ ক্ষেত্রে পূর্বের কোর্সসমূহ কর্তৃক প্রকাশিত স্মরণিকাগুলির রীতি ও প্যাটার্ন যতদূর সম্ভব অনুসরণ করা হয়েছে। সম্মানিত কোর্স-উপদেষ্টা, কোর্স-পরিচালক এবং কোর্স-কোঅর্ডিনেটরবৃন্দ বিভিন্ন সময়ে সুপরামর্শ দিয়ে স্মরণিকা প্রকাশে নিরলস সহযোগিতা করেছেন; স্যুভেনির কমিটি এ জন্য তাঁদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছে।

বিজ্ঞাপনের সঙ্গে প্রদত্ত শুভেচ্ছা-মূল্য এবং প্রশিক্ষণার্থী কর্মকর্তাদের জন্য বরাদ্দকৃত দৈনিক-ব্যয় থেকে সঞ্চিত অর্থের মাধ্যমে এ স্মরণিকার মুদ্রণ-খরচ মিটানো হয়েছে। এ জন্য বিজ্ঞাপন প্রদানকারী দু'টি প্রতিষ্ঠান এবং এ কোর্সের পিএমসি-কে অশেষ ধন্যবাদ। অংশগ্রহণকারী কর্মকর্তাবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে ব্যক্তিগত ও পারিবারিক তথ্যাদি এবং ছবি সরবরাহ করেছেন; তাদের অনিঃশেষ উৎসাহ ও অকুণ্ঠ সমর্থনের কারণেই এ স্মরণিকা প্রকাশ করা সম্ভব হল।

স্মরণিকাটি নির্ভুল করার জন্য যথাসাধ্য চেষ্টা করা হয়েছে; তথাপি কোন ত্রুটি বিদ্যমান থাকলে তার জন্য কেবল স্যুভেনির কমিটিই দায়ী।

কোর্সের মূল ধারণা "Commitment for Better Service Delivery" সমুন্নত রাখায় এ স্মরণিকা প্রশিক্ষণার্থী কর্মকর্তাদেরকে নিরন্তর প্রেরণা যোগাবে - এটাই প্রত্যাশা।

মোঃ শাওগাতুল আলম, সদস্য
মোঃ আঃ রাজ্জাক সরকার, সদস্য
গাজীউদ্দিন মোহাম্মদ মুনীর, সদস্য
মোঃ আবদুল্লাহ হারুন, সদস্য-সচিব
মোঃ নাজমুল হুদা সিদ্দিকী, আহ্বায়ক

# কোর্স ব্যবস্থাপনা কমিটি



মোঃ জায়েদুল হক মোল্লা এনডিসি
কোর্স উপদেষ্টা



সোহেল ইমাম খান
কোর্স পরিচালক



মোঃ জাহিদুল ইসলাম
কোর্স সমন্বয়ক



কে. এম. আব্দুল কাদের
কোর্স সমন্বয়ক



সঞ্জয় কুমার শর্মা
সংযুক্ত কোর্স সমন্বয়ক

# কমিটিসমূহ



মেস কমিটি



খেলাধুলা কমিটি



সাংস্কৃতিক কমিটি




স্যুভেনির কমিটি



## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : গাজীউদ্দিন মোহাম্মদ মুনীর |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়। |
| পরিচিতি নম্বর | : ৪২৩১ |
| জন্ম তারিখ | : ০৭ ফেব্রুয়ারি ১৯৬৩ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: সাত্রাপাড়া, ডাকঘর: কড়িহাটি, উপজেলা: চাটখিল, নোয়াখালি |
| স্ত্রীর নাম | : শাহানা পারভীন |
| সন্তানদের নাম | : ১। পুত্র: ওয়াসিফ মোহাম্মদ ইব্রাহিম (সিয়াম)<br>২। কন্যা: সুমাইয়া তাসনিম মালিহা (তানহা) |
| মোবাইল নম্বর | : ০১৫৫২৩০৯৭৩৮ |
| ই-মেইল | : gaziuddin4231@gmail.com |
| শখ | : বই পড়া ও ভ্রমণ। |
| জীবন সম্পর্কে অনুভূতি | : জীবন সুখ-দুঃখের এক বহতা নদী।<br>জীবনে জোয়ার ভাটার মত সুখ-দুঃখ আসে।<br>চিরদিন কারো একই রকম যায় না। |



## প্রোফাইল



নাম : এ, জে, এম আব্দুল্যাহেল বাকী

পদবী ও কর্মস্থল : উপসচিব, বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন, আগারগাঁও, ঢাকা ১২০৭

পরিচিতি নম্বর : ৪১৩৯

জন্ম তারিখ : ১১ জুলাই ১৯৬৩

রক্তের গ্রুপ : ও+

স্থায়ী ঠিকানা : গ্রাম: চকরামপুর, পোস্ট: কাগইল, উপজেলা: গাবতলী, জেলা: বগুড়া।

স্ত্রীর নাম : কামরুন নাহার

সন্তানদের নাম : ১। ইশরাত বাকী বর্ণ, ২। ইফফাত বাকী বুশরা

মোবাইল নম্বর : ০১৭১১৯৪৬৯৬৯

ই-মেইল : ajmabaki9@yahoo.com

শখ : গান শোনা, বইপড়া, ঘুমানো।

জীবন সম্পর্কে অনুভূতি : প্রায় ২৬ বৎসর চাকুরী-জীবনে মাঠ থেকে শহরে সকল স্তরে কাজের অভিজ্ঞতা ভবিষ্যতের পাথেয় হয়ে থাকবে। ভাল-মন্দ মিলে অনেক মিশ্র অনুভূতি যা ভবিষ্যতে স্মৃতি হয়ে থাকবে। এ প্রশিক্ষণে সকলের হাসিমুখ মনে রাখার মত।





## প্রোফাইল


| | |
|---|---|
| নাম | : মোঃ গোলাম মোস্তফা |
| পদবী ও কর্মস্থল | : প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব), জেলা পরিষদ, বরিশাল। |
| পরিচিতি নম্বর | : ৫৭৩৭ |
| জন্ম তারিখ | : ২৯ শে ডিসেম্বর ১৯৬৪ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম ও পোস্ট: চংভাদেরা, উপজেলা: নান্দাইল, জেলা: ময়মনসিংহ। |
| স্ত্রীর নাম | : আফরোজা বেগম (স্নিগ্ধা) |
| সন্তানদের নাম | : ১। আহনাফ আহমদ (সাত্ত্বিক), ২। আফিফ আহমদ (সামিন) |
| মোবাইল নম্বর | : ০১৭১১৮৯১২০৬ |
| ই-মেইল | : gmustafa201029@yahoo.com |
| শখ | : খেলাধুলা |
| জীবন সম্পর্কে অনুভূতি | : Enjoy life today<br>Yesterday is gone<br>And<br>tomorrow may never come |



## প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : মোঃ খুরশীদ ইকবাল রেজভী |
| পদবী ও কর্মস্থল | : প্রকল্প পরিচালক (উপসচিব), বস্ত্র পরিদপ্তর, বস্ত্র ও পাট মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৫৯৪৫ |
| জন্ম তারিখ | : ১৯ মে ১৯৬৫ |
| রক্তের গ্রুপ | : এ+ |
| স্থায়ী ঠিকানা | : পূর্ব আদালতপাড়া, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। |
| স্ত্রীর নাম | : শারমিন রহমান |
| সন্তানদের নাম | : ১। রোদেলা ইকবাল, ২। রানিম ইকবাল |
| মোবাইল নম্বর | : ০১৭২০২০০৬৫৪ |
| ই-মেইল | : khurshid_rizvi@yahoo.com |
| শখ | : ভ্রমণ |
| জীবন সম্পর্কে অনুভূতি | : 'সমুদ্রে পেতেছি শয্যা, শিশিরে কী আর ভয়'। |



## প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : মোঃ নাজমুল হুদা সিদ্দিকী |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| পরিচিতি নম্বর | : ৬৪১৩ |
| জন্ম তারিখ | : ৩১ ডিসেম্বর |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : ভবানীপুর, নওগাঁ ৬৫০০ |
| স্ত্রীর নাম | : শেখ মোমেনা মনি |
| মোবাইল নম্বর | : ০১৭২০৬৯০৬১৮ |
| ই-মেইল | : nazmulbcs@gmail.com |



# প্রোফাইল




| | |
|---|---|
| নাম | : মোঃ শওকত আলী |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, বিদ্যুৎ বিভাগ; বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৪৩১ |
| জন্ম তারিখ | : ০১ জানুয়ারি ১৯৬৯ |
| রক্তের গ্রুপ | : বি+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: বান্ধল, পোস্ট ও উপজেলা: কোটালীপাড়া, জেলা: গোপালগঞ্জ |
| স্ত্রীর নাম | : মর্জিনা ইয়াসমিন |
| সন্তানদের নাম | : নিলয়, নাজলী |
| মোবাইল নম্বর | : ০১৭১১৫৮১৫৮৮ |
| ই-মেইল | : showkat17@gmail.com |
| শখ | : পত্রিকা পড়া, টিভি দেখা। |
| জীবন সম্পর্কে অনুভূতি | : অটিস্টিক সন্তান নিলয়কে কেন্দ্র করে জীবনের সব অনুভূতি হারিয়ে গেছে এবং জীবন খুব বাস্তবধর্মী হয়ে পড়েছে। চাকরির পাশাপাশি নিলয়ের সেবাযত্ন করাটাই মুখ্য কাজ। এ ধরনের সন্তানদের পুনর্বাসনের লক্ষ্যে সামাজিক আন্দোলন গড়ে তোলার  জন্য সকলের প্রতি অনুরোধ রইল। |





## প্রোফাইল


| | |
|---|---|
| নাম | : শেখ মোমেনা মনি |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৪৬১ |
| জন্ম তারিখ | : ০১ জানুয়ারি ১৯৭১ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: মৃজার চর, পোস্ট: মৃজার চর সিনিয়র মাদ্রাসা, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর |
| স্বামীর নাম | : মোঃ নাজমুল হুদা সিদ্দিকী |
| মোবাইল নম্বর | : ০১৭১২২০৫৯৭৫ |
| ই-মেইল | : momenamoni@gmail.com |
| শখ | : ভ্রমণ, মুভি দেখা, বই পড়া, ইন্টারনেট ব্রাউজিং |
| জীবন সম্পর্কে অনুভূতি | : "জীবন এতো ছোট ক্যানে", তবুও যে জীবন আমি কাটিয়েছি তা ভালও বেসেছি। |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : শেখ মোমেনা মনি |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৪৬১ |
| জন্ম তারিখ | : ০১ জানুয়ারি ১৯৭১ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: মৃজার চর, পোস্ট: মৃজার চর সিনিয়র মাদ্রাসা, উপজেলা: শিবচর, জেলা: মাদারীপুর |
| স্বামীর নাম | : মোঃ নাজমুল হুদা সিদ্দিকী |
| মোবাইল নম্বর | : ০১৭১২২০৫৯৭৫ |
| ই-মেইল | : momenamoni@gmail.com |
| শখ | : ভ্রমণ, মুভি দেখা, বই পড়া, ইন্টারনেট ব্রাউজিং |
| জীবন সম্পর্কে অনুভূতি | : "জীবন এতো ছোট ক্যানে", তবুও যে জীবন আমি কাটিয়েছি তা ভালও বেসেছি। |





# প্রোফাইল

নাম : মোঃ মোখলেছুর রহমান

পদবী ও কর্মস্থল : উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, গাইবান্ধা

পরিচিতি নম্বর : ৬৫২৫

জন্ম তারিখ : ০১ জানুয়ারি ১৯৭৪

রক্তের গ্রুপ : বি+

স্থায়ী ঠিকানা : গ্রাম: বিনয়পুর, ডাকঘর: ভেন্নাবাড়ী, উপজেলা ও জেলা: সিরাজগঞ্জ-৬৭০০

স্ত্রীর নাম : ফারহানা রহমান (গৃহিণী)

সন্তানদের নাম : ১। সাহাল রহমান, ২। মাহ্‌দিয়া রহমান

মোবাইল নম্বর : ০১৭১১০৫৮৮২৫

ই-মেইল : moklesur1974@gmail.com

শখ : ভ্রমণ


জীবন সম্পর্কে অনুভূতি : জীবনটা অনেক ছোট, দায়িত্ব অনেক বেশি। উত্থান-পতন জীবনের স্বাভাবিক ধর্ম। পরিমিতিবোধই জীবনের সৌন্দর্য। আশাই জীবনের সাফল্য এবং ধার্মিক জীবনেই সার্থকতা।



# প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : মোঃ আঃ রাজ্জাক সরকার |
| পদবী ও কর্মস্থল | : পরিচালক (উপসচিব), বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র |
| পরিচিতি নম্বর | : ৬৫৫৭ |
| জন্ম তারিখ | : ১৫ মে ১৯৭৩ |
| রক্তের গ্রুপ | : বি + |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: মনিরামপুর, বিরামপুর, দিনাজপুর। |
| স্ত্রীর নাম | : ফাতেমা বেগম |
| সন্তানদের নাম | : ১। রুদাবা, ২। রুবাবা |
| মোবাইল নম্বর | : ০১৭১২৮০৩৯৩৪ |
| ই-মেইল | : razzaquesarker@yahoo.com |
| শখ | : ভ্রমণ |
| জীবন সম্পর্কে অনুভূতি | : সুন্দর |



# প্রোফাইল




| | |
|---|---|
| নাম | : মোহাম্মদ দাউদুল ইসলাম |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, কৃষি মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৬৮১ |
| জন্ম তারিখ | : ১৩ সেপ্টেম্বর |
| রক্তের গ্রুপ | : বি+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: দেড়পাড়া, উপজেলা: ফুলগাজী, জেলা: ফেনী |
| স্ত্রীর নাম | : রোকসানা আক্তার |
| সন্তানদের নাম | : ১। সুবাইতা ইসলাম, ২। সামিহা ইসলাম |
| মোবাইল নম্বর | : ০১৮১৫০০৬৯৮৮ |
| ই-মেইল | : daud6681@yahoo.com |
| শখ | : বইপড়া, টিভি দেখা |
| জীবন সম্পর্কে অনুভূতি | : "Illumine what is dark in me, Raise and support what is low in me". - John Milton. |



# প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : মোঃ আবদুল্লাহ হারুন |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| পরিচিতি নম্বর | : ৬৬৯৩ |
| জন্ম তারিখ | : ৩০ এপ্রিল |
| রক্তের গ্রুপ | : বি+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: দোহালিয়া, উপজেলা: নালিতাবাড়ি, জেলা: শেরপুর |
| স্ত্রীর নাম | : ফারজিনা আফরোজ |
| সন্তানদের নাম | : ১। আফিয়া আবদুল্লাহ নূরিন, ২। আতিফ আবদুল্লাহ নাসিফ |
| মোবাইল নম্বর | : ০১৭১২৯৭১৭৮৬ |
| ই-মেইল | : harun.abdulla@gmail.com |
| শখ | : গান শোনা, টিভি দেখা, বইপড়া |
| জীবন সম্পর্কে অনুভূতি | : "If you want to shine like a sun, First burn like a sun". - A.P.J Abdul Kalam |



# প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : মোঃ নজরুল ইসলাম সরকার |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| পরিচিতি নম্বর | : ৬৭৬২ |
| জন্ম তারিখ | : ১২ ডিসেম্বর ১৯৭৪ |
| রক্তের গ্রুপ | : বি+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: নয়াপাড়া, পোস্ট: খিদিরপুর, উপজেলা: মনোহরদী, জেলা: নরসিংদী |
| স্ত্রীর নাম | : সৈয়দা তাহমিনা |
| সন্তানদের নাম | : ১। তানভীর মাহতাব ফুয়াদ, ২। নুসরাত জাইমা রূপকথা |
| মোবাইল নম্বর | : ০১৭১২৬৭৮৭১৩ |
| ই-মেইল | : nazrulisarker@yahoo.com |
| শখ | : বইপড়া, ভ্রমণ |
| জীবন সম্পর্কে অনুভূতি | : I am the happiest man in this world |



# প্রোফাইল




| | |
|---|---|
| নাম | : মোহাম্মদ আবদুল্লাহ আল মামুন |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, ভূমি মন্ত্রণালয়। |
| পরিচিতি নম্বর | : ৬৭৩০ |
| জন্ম তারিখ | : ০১ ডিসেম্বর ১৯৭৫ |
| রক্তের গ্রুপ | : এ+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: মুক্তারপুর, পোস্ট: লক্ষ্মীধরপাড়া, উপজেলা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর। |
| স্ত্রীর নাম | : কানিজ ফাতেমা |
| সন্তানদের নাম | : ১। মুমতাহিনা মামুন, ২। মুদাচ্ছির আল তামির |
| মোবাইল নম্বর | : ০১৭১২৫০১২২৩ |
| ই-মেইল | : almamun.6730@yahoo.com |
| শখ | : টেবিল টেনিস, ক্রিকেট খেলা দেখা, পত্রিকা পড়া। |
| জীবন সম্পর্কে অনুভূতি | : সৎ চিন্তা ও কর্মের অনুশীলন এবং জনসেবায় নিজেকে সর্বদা নিয়োজিত রাখার মধ্যেই নিহিত রয়েছে জীবনের পরিপূর্ণ সার্থকতা। |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : হাবিবুন নাহার |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৮০০ |
| জন্ম তারিখ | : ৩০ নভেম্বর |
| রক্তের গ্রুপ | : এ+ |
| স্থায়ী ঠিকানা | : বাড়ী নং-৫৫/৬, রোড নং-১০, উত্তর বাসাবো, ঢাকা-১২১৪ |
| স্বামীর নাম | : মোঃ শামীম পারভেজ |
| সন্তানদের নাম | : ১। কন্যা-দীবা তাসনিম, ২। পুত্র-আদিব পারভেজ |
| মোবাইল নম্বর | : ০১৫৫২৪৬২৭৬৮ |
| ই-মেইল | : habibun_n@yahoo.com |
| শখ | : বই পড়া |
| জীবন সম্পর্কে অনুভূতি | : আনন্দ ধারা বহিছে ভূবনে |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : উম্মে রেহানা |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৮২৯ |
| জন্ম তারিখ | : ০৮ ফেব্রুয়ারি ১৯৭০ |
| রক্তের গ্রুপ | : বি+ |
| স্থায়ী ঠিকানা | : বাড়ী নং-৩০৯/এ, রোড নং-১০, খিলগাঁও তিলপাপাড়া, ঢাকা-১২১৯ |
| স্বামীর নাম | : ড. মোঃ রেজাউল করিম |
| সন্তানদের নাম | : ১। লাবিবা ফাইজা করিম, ২। নাজিফা নাওয়াল করিম |
| মোবাইল নম্বর | : ০১৭১১৫৮৯৬০৮ |
| ই-মেইল | : rehana6829@gmail.com |
| শখ | : বই পড়া, গান শুনা |
| জীবন সম্পর্কে অনুভূতি | : আনন্দ বেদনার এক মহাকাব্য |





# প্রোফাইল


নাম : এস,এম, মাসুদুল হক
পদবী ও কর্মস্থল : আইন কর্মকর্তা (উপসচিব), ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
পরিচিতি নম্বর : ৬৮৫৯
জন্ম তারিখ : ০১ জানুয়ারি ১৯৭৪
রক্তের গ্রুপ : বি+
স্থায়ী ঠিকানাা : সমতট, বাড়ী নং ১৭৮, রোড নং ১২, সোনাডাঙ্গা আবাসিক এলাকা, খুলনা
স্ত্রীর নাম : শেখ উম্মু সালমা সুমাইয়া
সন্তানের নাম : জিহান সালসাবিল হক
মোবাইল নম্বর : ০১৭১১২৩৩৬৮০
ই-মেইল : masudnasim@yahoo.com
শখ : বনসাই, ভ্রমণ
জীবন সম্পর্কে অনুভূতি : একজন ভালো মানুষ হতে চাই।



# প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : সৈয়দ রাশেদুল হোসেন |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৮৬৯ |
| জন্ম তারিখ | : ১ ফেব্রুয়ারি |
| রক্তের গ্রুপ | : এ+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: কাউনিয়াকান্দি, পোস্ট: খানেপুর, উপজেলা: নবাবগঞ্জ, জেলা: ঢাকা |
| মোবাইল নম্বর | : ০১৭১৭১৪২২৩৪ |
| ই-মেইল | : rashedul_hossen@yahoo.com |
| শখ | : Avid reader, Data nerd, subtly charming explorer with a twilight melancholy. |
| জীবন সম্পর্কে অনুভূতি | : "Don't cry because it's over, smile because it happened." -Dr. Seuss |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : মোঃ হাবিবুর রহমান |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৬৮৮২ |
| জন্ম তারিখ | : ১ জুন ১৯৭০ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: সকদী রামপুর, পোস্ট: চান্দ্রা বাজার, উপজেলা: ফরিদগঞ্জ, চাঁদপুর। |
| স্ত্রীর নাম | : মিসেস রাবেয়া খানম |
| সন্তানদের নাম | : ১। রাহিয়াতুল জান্নাত, ২। রাইয়ানূর রহমান, ৩। ওয়াছিউর রহমান |
| মোবাইল নম্বর | : ০১৭১১৭০৫৯০৪ |
| ই-মেইল | : habib_6882@yahoo.com |
| শখ | : খেলাধুলা, বন্ধুদের সাথে আড্ডা দেয়া |
| জীবন সম্পর্কে অনুভূতি | : মানুষ হিসাবে সমাজকে আলোকিত করা। |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : মোঃ খলিলুর রহমান খান |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৭৭০১ |
| জন্ম তারিখ | : ০১ জুন |
| রক্তের গ্রুপ | : এবি+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: পাকুটিয়া, ডাকঘর: ডি, পাকুটিয়া, ঘাটাইল, টাঙ্গাইল |
| স্ত্রীর নাম | : লিমা আক্তার |
| সন্তানদের নাম | : ১। অনন্যা রহমান খান, ২। তাহসিন রহমান খান। |
| মোবাইল নম্বর | : ০১৮৩৫৮০৪৩৫৯ |
| ই-মেইল | : khan_dulal@yahoo.com |
| শখ | : বই পড়া |
| জীবন সম্পর্কে অনুভূতি | : সৃষ্টিকর্তার নিকট চিরকৃতজ্ঞ |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : এ.টি.এম. সাইফুল ইসলাম |
| পদবী ও কর্মস্থল | : পরিচালক (উপসচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো<br>জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ |
| পরিচিতি নম্বর | : ৭৭৬৯ |
| জন্ম তারিখ | : ২১ জুলাই ১৯৬৭ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: মালাখালা, দাউদকান্দি, কুমিল্লা |
| স্ত্রীর নাম | : তাছলিমা ছাদেক রুনা |
| সন্তানদের নাম | : ১। সুমাইয়া রামিছা, ২। তাসনিয়া রাইছা |
| মোবাইল নম্বর | : ০১৯১১৩১২০২২ |
| ই-মেইল | : saif_tax@yahoo.com |
| শখ | : বই পড়া, গান শোনা, মাছ ধরা। |
| জীবন সম্পর্কে অনুভূতি | : জীবনের যত অনাকাঙ্ক্ষিত সম্ভাবনা নিয়ে উদ্বিগ্ন ছিলাম তার অধিকাংশই ঘটেনি। যা কিছু চেয়েছিলাম তার অনেক কিছুই পাইনি, আবার কোথাও যা চেয়েছি তার চেয়ে অনেক বেশি কিছু পেয়েছি। তাই জীবনের প্রাপ্তি ও প্রত্যাশা নিয়ে বেশি কিছু না ভাবাই শ্রেয়। মহাকাল কাউকেই স্মরণ রাখেনা। |





## প্রোফাইল

| | |
|---|---|
| নাম | : মোঃ শরাফত জামান |
| পদবী ও কর্মস্থল | : উপসচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় |
| পরিচিতি নম্বর | : ৭৭৮৬ |
| জন্ম তারিখ | : ০১ আগস্ট ১৯৬২ |
| রক্তের গ্রুপ | : এ+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: পূর্ব-নূঠুরচর, ডাকঘর: কে, মোহনপুর, উপজেলা: গোপালপুর, জেলা: টাঙ্গাইল |
| স্ত্রীর নাম | : আসমা উল হোসনা |
| সন্তানদের নাম | : ১। ডা. আশিক আব্দুল্লাহ, ২। সায়মা মায়িশা অদিতি |
| মোবাইল নম্বর | : ০১৭১২০০৩৫৩৭ |
| ই-মেইল | : zaman_62@yahoo.com |
| শখ | : ভ্রমণ |
| জীবন সম্পর্কে অনুভূতি | : জীবন মানে নিরন্তর ছুটে চলা সততা নামক ধ্রুবতারাটাকে সামনে রেখে। |



## প্রোফাইল



নাম : মোঃ রবিউল হাসান জুবেরী

পদবী ও কর্মস্থল : উইং কমান্ডার, অধিনায়ক, প্রশাসনিক শাখা, বিমান বাহিনী ঘাঁটি পাহাড় কাঞ্চনপুর, টাঙ্গাইল

পরিচিতি নম্বর : বিডি-৮৪৮১

জন্ম তারিখ : ২১ আগস্ট ১৯৬৭

রক্তের গ্রুপ : ও+

স্থায়ী ঠিকানা : সুরভী ১৭৪, নতুন বিলসিমলা, রাজশাহী-৬০০০

স্ত্রীর নাম : রিনা পারভিন

সন্তানদের নাম : ১। আনিকা নাওয়ার জুবেরী, ২। আদিবা নাওয়ার জুবেরী

মোবাইল নম্বর : ০১৭১৫০২৫৯৭০

ই-মেইল : zuberibaf@yahoo.com

শখ : ভ্রমণ, ফটোগ্রাফি

জীবন সম্পর্কে অনুভূতি : আমার মতে, জীবনে ভালো মানুষ হওয়াটাই অনেক গুরুত্বপূর্ণ। জীবন আমার জন্য একটি সংগ্রাম, সফল হওয়ার জন্য জয়লাভ করা অনেক প্রয়োজন। অবশ্যই অনেক সময় জীবনে পরাজয় আসে যা পরবর্তীতে আত্মবিশ্বাস বাড়ায়। এ জন্য কখনও নিরাশ হওয়া যাবে না, বরং জীবন থেকে শিক্ষা নিয়ে এগিয়ে যেতে হবে; তাহলেই সাফল্য আসবে।



## প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : এম রাজিবুল ইসলাম |
| পদবী ও কর্মস্থল | : লেফটেনেন্ট কমান্ডার, বাংলাদেশ নৌবাহিনী |
| পরিচিতি নম্বর | : পি নং ১৩৬২ |
| জন্ম তারিখ | : ০১ জুন ১৯৭৮ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : মিয়াবাড়ী, পোস্ট: ভাদুর, থানা: রামগঞ্জ, জেলা: লক্ষ্মীপুর |
| স্ত্রীর নাম | : ফাহমিদা মোহসীন |
| সন্তানদের নাম | : ১। পুত্র: ফাইয়াজ রাইদ, ২। কন্যা: রামিসা মায়ামিন |
| মোবাইল নম্বর | : ০১৭১১১০৭১৭২ |
| ই-মেইল | : razibbdh1362@gmail.com |
| শখ | : ঘুরে বেড়ানো |
| জীবন সম্পর্কে অনুভূতি | : জীবন খুব সুন্দর এবং অর্থপূর্ণ। |





## প্রোফাইল

নাম : মোঃ গালিব হোসেন, পিএসসি

পদবী ও কর্মস্থল : মেজর, ৯ বীর (মেকানাইজড) সাভার সেনানিবাস।

পরিচিতি নম্বর : বিএ-৬০২৯

জন্ম তারিখ : ০১ জানুয়ারি ১৯৭৯

রক্তের গ্রুপ : ও+

স্থায়ী ঠিকানা : গ্রাম: আরজী নওগাঁ, পোস্ট: আরজী নওগাঁ, থানা: নওগাঁ, জেলা: নওগাঁ

স্ত্রীর নাম : মৌসুমী বিনতে মোহাম্মদ

মোবাইল নম্বর : ০১৭৬৯০০৬০২৯

ই-মেইল : galib6029@yahoo.com

শখ : বই পড়া, বাগান করা।

জীবন সম্পর্কে অনুভূতি : মানুষের জীবন অতি মূল্যবান। এই ক্ষণস্থায়ী জীবনে মনুষ্যত্ব বজায় রেখে পরবর্তী প্রজন্মের জন্য কিছু করে যেতে পারার মধ্যেই জীবনের সার্থকতা।



## প্রোফাইল



| | |
|---|---|
| নাম | : মোঃ শাওগাতুল আলম |
| পদবী ও কর্মস্থল | : উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ |
| পরিচিতি নম্বর | : ৬৭০২ |
| জন্ম তারিখ | : ১২ সেপ্টেম্বর ১৯৭০ |
| রক্তের গ্রুপ | : ও+ |
| স্থায়ী ঠিকানা | : গ্রাম: কাহেঁতারা, পোস্ট: নাগেরহাট, লৌহজং, মুন্সিগঞ্জ |
| স্ত্রীর নাম | : নূরুন নাহার |
| সন্তানদের নাম | : ১। রোমাইছা আলম তানহা, ২। মোঃ নাভিদ আলম |
| মোবাইল নম্বর | : ০১৭৩১৬৫৮২৮৪ |
| ই-মেইল | : Shaugat20@gmail.com |
| শখ | : আড্ডা |
| জীবন সম্পর্কে অনুভূতি | : আল্লাহ ভাল রেখেছেন। আলহামদুলিল্লাহ। |



# সহজের সহজীকরণ

সোহেল ইমাম খান
পরিচালক, বিপিএটিসি

একবার শরৎচন্দ্রকে পেয়ে ভক্তি গদগদ হয়ে তাঁর পাঠক তাঁকে প্রশংসা-বানে ভাসাতে গিয়ে নিজেই ফেঁসে গেছিলেন । পাঠক শরৎবাবুকে বললেন, তাঁর লেখা কতইনা চমৎকার কিন্তু রবিবাবু (রবীন্দ্রনাথ ঠাকুর) কী যে ছাইপাশ লেখেন বোঝাই ভার। শরৎবাবু কিন্তু অবলীলায় তাঁর জবাব দিয়েছিলেন এভাবে, 'আমি লিখি তোমাদের জন্য আর রবিবাবু লেখেন আমাদের জন্য'। বেচারা পাঠকের চেহারা দেখবার মত হয়েছিল বৈকি।

সেই রবিবাবুকে পুরস্কার দেয়ার সময় নোবেল কর্তৃপক্ষ ঘোষণায় তাঁর কবিতা সম্পর্কে বলেছিলেন '... profoundly sensitive, fresh and beautiful অর্থাৎ টাটকা, সতেজ, সুন্দর সংবেদনশীল, আরও বলেছিলেন '... expressed in his own English words ...'।

সেটাই কিন্তু আসল। রবীন্দ্রনাথ নিজেই যা বলেছেন, 'সহজ কথা কইতে আমায় কহ যে, সহজ কথা যায় না বলা সহজে'।

সহজের সহজীকরণ জটিল কর্মযজ্ঞ বলেই প্রতীয়মান হয়। তা না হলে 'ইহ্‌দিনাস সিরাতাল মুস্তাকীম ... আমাদেরকে সরল পথ প্রদর্শন করো' বলে সৃষ্টিকর্তার কাছে কতই না আবেদন নিবেদন করার পরও সহজ ভাবনা সহজে আসে না। ভাবনা-চিন্তা প্রকাশে আড়াই প্যাঁচ না দিলে তা উচ্চমার্গীয় হয় কিনা এমন জটিল তত্ত্ব মাথায় অনবরত ঘুরপাক খায় বলেই হয়তো 'জিলিপি' আমাদের অত্যন্ত পছন্দের।

যে কোন কিছুর তত্ত্বগত বা তাত্ত্বিক আলোচনা সাধারণ্যের কাছে স্বভাবতই অনাকর্ষণীয়। কেননা এ ধরনের কথাবার্তায় ব্যবহৃত হয় এমন কিছু বিদ্‌ঘুটে শব্দমালা অথবা 'Jargon' যা অপভাষা এবং তা আর যাই হোক আপন বা আদরণীয় নয়। শব্দ-কাঠামোর অতি ঝনঝনানিতে অনেক সময় তা 'কর্ণ দিয়ে প্রবেশ করে মর্মমূলে' আঘাত করার পরিবর্তে 'কর্ণ 'এবং 'মর্ম' দুটিকেই কার্যত আহত করে। আহতের আর্তনাদে মূল শব্দ বা বাক্যবাহিত বার্তা বা বাণী বোধগম্যতার উর্দ্ধে চলে গিয়ে রক্তাক্ত অবস্থায় হাঁপাতে থাকে। মূল উদ্দেশ্যই হয় ব্যাহত। এরকম অভিজ্ঞতা কি আমাদের সকলেরই কখনো হয়নি যে কষ্ট করে শক্তিমান শব্দসমূহের ব্যবহারে সমৃদ্ধ বাক্যসমূহ পাঠের পর নিজের অজান্তে নিজেকেই প্রশ্ন করি "তা হলে 'খাড়াইল' কী"? কত সময়ই না নিজ জ্ঞানের সীমাবদ্ধতাকে ক্রমাগত দুষে অধ্যয়নে আরো অধ্যবসায়ী হওয়ার প্রাণপণ চেষ্টা করে যাই। তবে পরে অন্য পাঠকের সাথে আলোচনায় হয়তো জানতে পারি "আসলে কিছুই 'খাড়ায়' নাই"; স্বাভাবিক হই তখন, কিছু স্বস্তি ফিরে।

কখনো আবার শব্দের  হম্বিতম্বিতে সম্বিৎ হারিয়ে কুঁকড়ে যাওয়া আড়ষ্ট মানুষ কাঁপতে কাঁপতে করজোড়ে বজ্রশব্দ নির্গতকারী দৈত্যের বশ্যতা স্বীকার করে বলে ওঠে "আপনি যা বলেছেন হুজুর"। এতে জীবনের মহাসূত্রের অনুসরণে অনেক কিছুর মতো 'মেনে নেয়া' হয় বৈকি তবে 'মনে নেয়া হয়না; নদীশাসনের কঠোরতায় তা প্রাণহীন স্রোতহীন মৃতন্মুখ চর পড়া নদীর মত দাঁড়ায় ।

আবার সংস্কৃতসেবীদের উচ্চাঙ্গের বাক্যালংকার আরেক মধুর সংকট তৈরি করে। নববধূর মাত্রাতিরিক্ত সাজ এবং পরিধেয় অপরিমেয় অলংকারের ভারে জর্জরিত হাঁসফাঁসরত বধূর সলজ্জ চিক্কন হাসির মোহময়তায় মুগ্ধতার সুযোগ আর থাকে না বলে 'বর' বেচারা বিরস বদনে বসে থাকে স্বাভাবিকতার অপেক্ষায়। আনুষ্ঠানিকতা ও আদিখ্যেতার ডামাডোলে বধূমিলন দীর্ঘায়িত হতে থাকে। বাসরের ফুলেল হাসি শুকিয়ে যায়। নজরুলের ভাষায়, 'আঁচলের ফুলগুলি করুণ নয়ানে নিরাশায় চেয়ে আছে মোর (বরের) মুখপানে ...'।

বাক্য তথা ভাষা ব্যবহারের মূল উদ্দেশ্য 'যোগাযোগ'- তা-ই হয়ে যায় বিপর্যস্ত। যার উদ্দেশ্যে, যে জন্যে, বা কারণে বাক্যাবলীর ব্যবহার তা-ই আর ফলদায়ক থাকেনা। সহজভাব, সহজ কথায় সহজে উপস্থাপনের কৌশল রণক্ষেত্রে (জীবন তো একরকম যুদ্ধক্ষেত্রই ...) ব্যবহার জরুরী। ব্যবহৃত বুলি যাতে অন্যজনের কাছে গালিতে পরিণত না হয় সেটিই আরাধ্য। তা না হলে কষ্টার্জিত শব্দাবলী একেবারে জলে গেলে দোষ কাউকে দেয়া যাবেনা - যদি তারা বিষয়টিকে 'আবোল তাবোল বকবক' বলে অভিহিত করে থাকেন।

শেষে ইহুদি পুরাণের বাবেলের গল্প দিয়ে শেষ করা যাক। অনেক অনেক আগে পৃথিবীর সকল মানুষ এক ভাষায় কথা বলতো - কারো কথা কারো বুঝতে অসুবিধা হতো না। মানুষেরা কথাবার্তা বলে ঠিক করলো যে সকলে মিলে এমন উঁচু এক টাওয়ার বানাবে যা আকাশে গিয়ে ঠেকবে এবং তা ব্যবহার করে মর্ত্যের মানুষ নিজের ইচ্ছেমত স্বর্গে যেতে পারবে। কাজ শুরু করার পর তা ক্রমাগত উঁচু হতে থাকলো - স্রষ্টা ভাবলেন, সাধারণ মানুষ দেবতাদের রাজ্যে সহজে আরোহন করবে - এটা তো ঠিক হবে না। তখন স্রষ্টা দেখলেন, সবাই সবার কথা বুঝতে পারে জন্যই তাদের মধ্যে পারস্পরিক ঐক্য খুব দৃঢ়; ঐক্যে ফাটল ধরাবার জন্য স্রষ্টা তাদের ভাষা আলাদা করে দিলেন। মানুষের তখন একজনের কথা আরেকজনের কাছে 'আবোল-তাবোল বকবক' বলে মনে হতে থাকলো - টাওয়ার তৈরি মাঠে মারা গেল ।

আমাদের যোগাযোগও যেন মাঠে মারা না যায়। 'সত্য বল সুপথে চল ওরে আমার মন - লালনের দর্শন হোক আমাদের সহজ পথ'।

# মাতৃকোষে তব রতনের রাজি

মোঃ খলিলুর রহমান খান
উপসচিব, পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

বাঙালি হিসেবে আমরা খুব বেশী কাঙালপনা করে থাকি। কাঙালপনা যেন আমাদের মজ্জাগত। আমরা আমাদের কথোপকথন, উপস্থাপনা ও প্রকাশনা প্রতি ক্ষেত্রে যুক্তি প্রদর্শনের জন্য বিদেশী মনীষীদের বক্তব্য, লেখা ও গবেষণার ফল সাক্ষ্য হিসেবে উপস্থাপন করে থাকি। কিন্তু আমাদের এ ভূখণ্ডে এমন অনেক মনীষী রয়েছেন যাদের উপলব্ধি পশ্চিমা মনীষীদের চেয়ে গভীর ও প্রাগ্রসর। যেমন: এখন আমরা মানবাধিকার (Human Rights) নিয়ে পশ্চিমাদের অনেক আদেশ ও উপদেশ শুনে থাকি; কিন্তু আমাদের **বড়ু চণ্ডিদাস** যখন বলেন ***"সবার উপর মানুষ সত্য তাহার উপরে নাই"*** এর চেয়ে বড় কোন মানবাধিকারের উপলব্ধি আর নেই। আমরা যখন আমাদের প্রজন্মকে উদ্বুদ্ধকরণ ও উদ্দীপনা (Motivation and Inspiration) দেবার জন্য বিদেশী মনীষীদের শরণাপন্ন হই, তখন আমাদের রত্নভাণ্ডারকে অবলীলায় উপেক্ষা করে থাকি। জাতীয় **কবি কাজী নজরুল ইসলাম** যখন বলেন, ***"আমরা যদি না জাগি মা কেমনে সকাল হবে; তোমার ছেলে উঠলে মা'গো রাত পোহাবে তবে"***; কিংবা বিশ্বকবি **রবীন্দ্রনাথ ঠাকুর** যখন আহ্বান করেন, ***"যদি তোর ডাক শুনে কেউ না আসে, তবে একলা চল রে"*** এর চেয়ে বড় কোন উদ্বুদ্ধকরণ ও উদ্দীপনামুলক বক্তব্য কি হতে পারে? আমরা এখন টেকসই উন্নয়ন (Sustainable Development) নিয়ে প্রাণপাত করে থাকি, কিন্তু আমাদের প্রাণের কবি **সুকান্ত ভট্টাচার্য** বহু আগে **"ছাড়পত্র"** কবিতায় টেকসই উন্নয়নের কথা বলে গেছেন.... ***"যতক্ষণ দেহে আছে প্রাণ, প্রাণপণে পৃথিবীর সরাব জঞ্জাল; এ বিশ্বকে এ-শিশুর বাসযোগ্য করে যাব আমি; নবজাতকের কাছে এ আমার দৃঢ় অঙ্গীকার...."*** টেকসই উন্নয়নের এর চেয়ে বড় উদাহরণ বিশ্বে বিরল। আমাদের কাঙালপনার বড় উপলব্ধি **মাইকেল মধুসূদন দত্ত** যখন বলেন ***"হে বঙ্গ, ভাণ্ডারে তব বিবিধ রতন; তা সবে, (অবোধ আমি!) অবহেলা করি, পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ পরদেশে, ভিক্ষাবৃত্তি..... মাতৃকোষে রতনের রাজি, এ ভিখারী-দশা তবে কেন তোর আজি...."***। আমাদের বিদ্যা জাহির করার জন্য বিদেশী গবেষণা ও সাহিত্যের উদ্ধৃতি কচরাই। কিন্তু কথা হচ্ছে, যে নিজেকে খুঁজল না; সে অন্যকে খুঁজে পাবে কীভাবে? যে নিজের সমাজ-দেশকে আবিষ্কার করতে পারল না, সে অন্য সমাজ-দেশকে বুঝবে কীভাবে? যদি আমাদের দিকে তাকাই, অনেক সমস্যার সমাধান আমাদের মাঝেই নিহিত ও বিরাজমান। নিজেকে জানার মাধ্যমে যেমন অন্যকে জানা যায়, তেমনি নিজের দেশকে আবিষ্কারের মাধ্যমে অন্য সমাজ-দেশকে উপলব্ধি করা যায়। সবশেষে, মধ্যযুগের কবি **আবদুল হাকিম** যা বলে গেছেন, **"যে সবে বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী, সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি"**।

# জুলাই ২০০২ - জুলাই ২০১৬
# মাঝখানে চলে গেল ১৪টি বছর।

মোঃ হাবিবুর রহমান
উপসচিব
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

প্রথম সপ্তাহ জুলাই ২০০২ সাল, এমনই এক সুন্দর বিকালে প্রয়োজনীয় জিনিসপত্র নিয়ে হাজির হয়েছি বিশ্ববিদ্যালয় পাঠশালায় নয় এমনই এক কর্মমুখী প্রশিক্ষণ কেন্দ্রে। দীর্ঘ প্রায় ১৪ বছর পরে সে পাঠশালাতে ২৩ জুলাই ২০১৬ পুনরায় উপস্থিত হলাম নতুন জ্ঞানের অন্বেষণে। মাঝের ১৪ বছরের মধ্যে আমার জীবনে ঘটে যায় অনেক ঘটনা। সরকারী সফরে নেপালে গিয়ে দেখেছি হিমালয় পর্বতমালা, জাপানের হিরোশিমা, নাগাসাকি। প্রশান্ত মহাসাগর ও ভারত মহাসাগরের পর্বত-উঁচু ঢেউয়ের সাথে নিজেকে উদ্বেলিত করেছি। ২০০৬ সালে জাপানে গিয়ে দেখেছি তার কত ভদ্র, নম্র, ও জনহিতৈষী। বাংলাদেশি জনগণের প্রতি রয়েছে তাদের অনেক সহযোগিতা ও শুভ কামনা। কিন্তু গত পহেলা জুলাই ২০১৬ রাতে জাপানিসহ অন্যান্যদের নির্মম হত্যাযজ্ঞ ঘটেছে যা মধ্যযুগীয় কাপুরুষতার কথা মনে করিয়ে দেয়। ইউকে, জাপান, ভারতসহ ১৮টি দেশে ঘুরে এসেছি; কোথায়ও এরকম বর্বরতার নজির নেই।

১৪ বছরে ২৮ ধরণের বড় কর্তার সাথে কাজ করার সুযোগ হয়েছে। কোথাও তাদের সাথে একমত হয়ে এবং তাদের মতের বিরোধিতা করে সত্যের পথে থেকেও ধিক্কার পেয়েছি। মনে মনে একটাই সান্ত্বনা পেয়েছি, অন্যায়ের কাছে মাথা নত না করা। সহকর্মী হিসেবে জুনিয়র কর্মকর্তাদের উপদেশ দিয়েছি সঠিক ও ন্যায়ের পথে মাথা উঁচু করে সঠিক কাজটি করার জন্য। দীর্ঘ ১৪ বছরের মাঝে পেয়েছি মা-মণি রাহিয়াতুল জান্নাত, ছেলে রাইয়ানূর রহমান এবং ওয়াসিউর রহমানকে। তারাই এখন আমার সংসার-জীবনের উপহার। স্ত্রী রাবেয়া খানমের মূল প্রেরণায় গত ১৫টি বছর সুখেই কাটিয়েছি চাকুরি জীবনের কর্মকাল। বড় ছেলে এবং মেয়েকে নিয়ে পড়ার সময় বলি, তোমাদের আব্বু-আম্মু উচ্চশিক্ষিত, কাজেই তোমাদের আরও উচ্চশিক্ষা গ্রহণ করে ভাল মানুষ হওয়া ছাড়া অন্য কোন গতি নাই। ছোট ছেলে মাত্র ১,২/1,2 বলতে পারে কাজেই এখনো তাকে উপদেশ দেওয়ার সময় হয় নাই। চাকুরি জীবনে ২০১০ সাল সবচেয়ে দুঃখের সময় কারণ ৪ঠা জুলাই প্রাণপ্রিয় মাকে হারিয়েছি এবং ৬ই সেপ্টেম্বর শাশুড়ি আম্মাকে। চাকুরি জীবনের অর্ধেক সময় পার হতে চলেছে। মধ্য বয়সে প্রশিক্ষণের মাধ্যমে পরিপূর্ণ মানুষ হিসেবে নিজেদেরকে গড়ে তোলার আশা নিয়ে ১১০তম এসিএডি-তে অংশগ্রহণ করা ২৫জন কর্মকর্তার সকলেই জ্ঞানী এবং সহযোগী। একে অপরকে জানা এবং চেনার চেয়ে মনে হয় সকলেই পূর্বের চেনা; কাজেই প্রশিক্ষণে জ্ঞান লাভের পাশাপাশি সম্পর্ক-উন্নয়নের উপলদ্ধি মূল কথা। প্রশিক্ষণ শেষে নিজ নিজ কর্মস্থলে গিয়ে দেশ ও জাতির উন্নতি ও সমৃদ্ধি সাধন করব, আর সকলের মাঝে স্মৃতির পাতায় থাকবো - এটিই মনে আশা।



প্রশিক্ষণ উদ্বোধন



শ্রেণিকক্ষে প্রশিক্ষণার্থিবৃন্দ




শ্রেণিকক্ষে প্রশিক্ষণার্থিবৃন্দ



শ্রেণিকক্ষে প্রশিক্ষণার্থিবৃন্দ




জিমনেসিয়ামে প্রশিক্ষণার্থিবৃন্দ



ব্যাডমিন্টন প্রতিযোগিতা



জিমনেসিয়ামে প্রশিক্ষণার্থিবৃন্দ



জিমনেসিয়ামে প্রশিক্ষণার্থিবৃন্দ

*গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হোন এবং সময়মত গ্যাস বিল পরিশোধ করুন*

*বিনা কারণে গ্যাসের চুলা জ্বালিয়ে রাখা আর বিপদকে ডাকা একই বিষয়*

- প্রাকৃতিক গ্যাস একটি অতি গুরুত্বপূর্ণ জাতীয় সম্পদ।
- প্রাকৃতিক গ্যাস অফুরন্ত কোন সম্পদ নয়। এ সম্পদের অপচয় রোধ করা ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা দেশের প্রতিটি নাগরিকের একান্ত দায়িত্ব ও কর্তব্য।
- গ্যাস ব্যবহারে সাশ্রয়ী হোন এবং সময়মত গ্যাস বিল পরিশোধ করুন।
- বদ্ধ ঘরে গ্যাসের চুলা জ্বালাবেন না। দুর্ঘটনা এড়াতে রান্নার পর গ্যাসের চুলা নিভিয়ে ফেলুন।
- আপনার আঙ্গিনায় গ্যাস রেগুলেটর বা লকিং কক লিক হলে সাথে সাথে সংশ্লিষ্ট কার্যালয়ের মাধ্যমে পরিবর্তনের ব্যবস্থা নিন।
- জালালাবাদ গ্যাসের অনুমোদিত ও তালিকাভুক্ত ঠিকাদার ব্যতীত অন্য কারো মাধ্যমে গ্যাস বিষয়ক কোন কাজের পদক্ষেপ নেবেন না।
- অবৈধভাবে গ্যাস ব্যবহার এবং তিন মাসের অধিক বকেয়া বিল পরিশোধের ব্যর্থতায় গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে।
- "বাংলাদেশ গ্যাস আইন'২০১০" অনুযায়ী গ্যাসের অবৈধ ব্যবহারের জন্য সর্বোচ্চ ৫(পাঁচ) বছর কারাদন্ড, অর্থদন্ড অথবা উভয়দন্ডে দন্ডিত হওয়ার বিধান রয়েছে।

সিলেট বিভাগের আর্থ-সামাজিক উন্নয়নে প্রাকৃতিক গ্যাস সরবরাহ ও বিপণন কাজে নিয়োজিত ঃ

জালালাবাদ গ্যাস

# জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন অ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট।

অভিযোগ ও জরুরী দূরালাপনী ঃ ০৮২১-৭১৭০৯২, মোবাইল ঃ ০১৭১১৪০১৫৫৭ ( ২৪ ঘন্টা )

# জেলা পরিষদ, বরিশাল

## শুভেচ্ছা

জেলা পরিষদ একটি জনকল্যাণমুখী প্রতিষ্ঠান।

জেলা পরিষদ জেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের বৃত্তি প্রদানের মাধ্যমে উচ্চশিক্ষাকে উৎসাহিত করে।

জেলা পরিষদ জেলার উন্নয়ন কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট।

জেলা পরিষদ কর্তৃক রোপিত বৃক্ষ রক্ষা করুন। নিজেরাও বৃক্ষ রোপণ করে সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলুন।

ইজারা গ্রহণ ব্যতীত জেলা পরিষদের জমি ভোগদখল করবেন না।

জেলা পরিষদের রাস্তার পার্শ্বস্থ ও অব্যবহৃত জমি ইজারা গ্রহণের মাধ্যমে জেলা পরিষদের আয় বৃদ্ধিতে সহায়তা করুন।

জেলা পরিষদ ডাকবাংলোয় অবস্থান করে জেলা পরিষদের সেবা গ্রহণপূর্বক জেলা পরিষদের আয় বৃদ্ধিতে সহায়তা করুন।

মোঃ গোলাম মোস্তফা
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, বরিশাল

খান আলতাফ হোসেন
প্রশাসক
জেলা পরিষদ, বরিশাল